



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

আলমডাঙ্গা সরকারি কলেজ

<https://adgc.edu.bd/>

E-mail : alamardangacollege11533@gmail.com



স্মারক নং-আসক/প্রশা/২০২৫

১৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা আলমডাঙ্গা সরকারি কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক “সমৰ্পিত” উপবৃত্তি প্রকল্পের আওতায় উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে আগামী ১৬-০২-২০২৫ খ্রি. তারিখ হতে ২৫-০২-২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনপত্রের সাথে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে।

- ১। আবেদনকারীর আবেদন ফরম সংগ্রহপূর্বক সঠিকভাবে পূরণ করতে হবে;
- ২। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ৩। পিতা/মাতার অনুপস্থিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ৪। এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি-০১টি;
- ৫। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি;
- ৬। শিক্ষার্থীর অনলাইন জন্ম সনদের ফটোকপি-০১টি;
- ৭। পিতা ও মাতা/অভিভাবক যাদের নামে মোবাইল ব্যাণ্ডিং হিসাব “নগদ” খোলা আছে তার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-০১টি।
- ৮। একই মোবাইল নগদ হিসাব নম্বর ০২ (দুই) জন শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে তবে জাতীয় পরিচয়পত্র একই হতে হবে।
- ১০। যে এনআইডি কার্ড দিয়ে মোবাইল সিম রেজিস্ট্রেশন করা সেই এনআইডি কার্ড দিয়ে নগদ একাউট খোলতে হবে।
- ১১। আবেদনকারীর পরিবারের কোন সদস্য শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং বীর মুক্তিযোদ্ধার প্রজন্ম যথাযথ যাচাই বাছাইয়ের পর সরাসরি এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হবে। এই ক্ষেত্রে এন্টিকৃত তথ্যের সাথে যথাযথ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

উপবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের আবেদনের নির্দেশিকা

- ❖ আবেদনকারীকে সঠিক তথ্য সরবরাহ করে নির্ভুলভাবে ফরম পূরণ করতে হবে।
- ❖ অসম্পূর্ণ, প্রয়োজনীয় কাগজপত্র বিহীন এবং সঠিক নয় এমন তথ্যাদির আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ❖ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।
- ❖ কোনো শিক্ষার্থীকে আবেদন করতে উৎসাহিত বা নিরসন্সাহিত করা যাবে না।
- ❖ জন্ম নিবন্ধন নম্বর আবেদনকারীর আইডি হিসাবে ব্যবহৃত হবে।
- ❖ কোন শিক্ষার্থী সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাত্তা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

উল্লেখ্য যে, উপবৃত্তির জন্য আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না।
আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির
জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

(প্রফেসর ড. মোঃ মফিজুর রহমান-৭৯৬৭)

অধ্যক্ষ

আলমডাঙ্গা সরকারি কলেজ

আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

প্রফেসর ড. মোঃ মফিজুর রহমান

আইডি-৭৯৬৭

অধ্যক্ষ

আলমডাঙ্গা সরকারি কলেজ

আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা